

আবেদনকারির যোগ্যতা

এক বা একাধিক অঞ্চল সভা (এরিয়া সভা) – র মাধ্যমে সমষ্টিগুলি CPF পাওয়ার জন্য প্রকল্প দাখিল করতে পারে। এক বা একাধিক ভোটকেন্দ্রের ভোটারদের নিয়ে গঠিত এরিয়া সভাগুলি হল JNNURM এ সমষ্টির অংশগ্রহণের যে আইন তৈরী হয়েছে, সেই আইন অনুযায়ী (Community Participation Law) তৃণমূলস্তরে সমষ্টির অংশগ্রহণের প্ল্যাটফর্ম। এরিয়া সভা আইন প্রণয়ন করে তৈরী করতে হবে। তাই যতদিন না আইন তৈরী হচ্ছে, ততদিন পর্যন্ত এই প্রকল্প শহরের সমষ্টিভিত্তিক সংস্থা (CBO) যথা (রেসিডেন্ট ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশন (RWA), পাড়াগোষ্ঠী (NHG), যুবগোষ্ঠী এবং বাজার কমিটি) এর মাধ্যমে জমা দেওয়া যাবে। কিন্তু স্বনির্ভর গোষ্ঠীকে এই প্রকল্প জমা দেওয়ার অনুমতি দেওয়া হবে না।

CBO-র থেকে পাওয়া এই প্রস্তাবে অবশ্য সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের ভোটারদের অন্ততঃ ৫১ শতাংশের অনুমোদন থাকতে হবে। এই অনুমোদন সরাসরি হতে পারে অথবা স্থানীয় অসরকারি সংস্থার (NGO) মাধ্যমে এবং নির্বাচিত প্রতিনিধিদের স্বাক্ষরসহ হতে হবে। ভোটারদের সম্মতি প্রয়োজন CPF প্রকল্প রূপায়ণকারী সংস্থা / CBO / অঞ্চলসভা সবার জন্যই। সমষ্টি অবশ্য পৌরপ্রতিষ্ঠানকে রূপায়ণকারী সংস্থা হিসাবে বিবেচনা করতে পারে। যেখানে অঞ্চলসভা গঠিত হয়েছে, সেখানে ওয়ার্ড কমিটি অঞ্চলসভার সংখ্যা গরিষ্ঠ সদস্যের অনুমোদন নিয়ে এই প্রস্তাব দাখিল করতে পারে। ব্যক্তিবিশেষ, অসরকারি সংগঠন, পৌরসভা, লাভজনক অসরকারি সংস্থা অথবা কোন সরকারি সংস্থা এই CPF পাওয়ার উপযোগী বলে বিবেচিত হবে না।